# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৮১) গণকের হুকুম কি?

উত্তরঃ গণকরা হচ্ছে মানুষকে বিপদগামীকারী এবং আল্লাহদ্রোহী তাগুত। তারা ও শয়তানের বন্ধু। শয়তানেরা তাদেরকে শয়তানী শিক্ষা দিয়ে থাকে। আল্লাহ্ তাআলা বলেনঃ

وَإِنَّ الشَّيَاطِينَ لَيُوحُونَ إِلَى أَوْلِيَائِهِمْ لِيُجَادِلُوكُمْ

‘‘শয়তানরা নিজেদের সঙ্গি-সাথীদের মনে এমন কিছু কুমন্ত্রনা প্রবেশ করিয়ে দেয়, যেন তারা তোমাদের সাথে ঝগড়া করে’’। (সূরা আনআমঃ ১২১) শয়তানেরা তাদের বন্ধুদের নিকট অবতীর্ণ হয় এবং ফেরেশতাদের নিকট থেকে শ্রবণকৃত তথ্য তাদের নিকট পৌঁছিয়ে দেয়। আর শয়তানের বন্ধু গণকরা তার সাথে আরো একশটি মিথ্যা জড়িয়ে দেয়। আল্লাহ্ তাআলা বলেনঃ

هَلْ أُنَبِّئُكُمْ عَلَى مَنْ تَنَزَّلُ الشَّيَاطِينُ * تَنَزَّلُ عَلَى كُلِّ أَفَّاكٍ أَثِيمٍ * يُلْقُونَ السَّمْعَ وَأَكْثَرُهُمْ كَاذِبُونَ

‘‘তোমাদের কি জানাব শয়তানরা কার নিকট অবতীর্ণ হয়? তারা তো অবতীর্ণ হয় প্রত্যেকটি ঘোর মিথ্যাবাদী ও পাপীর নিকট। তারা কান পেতে থাকে। তাদের অধিকাংশই মিথ্যাবাদী’’। (সূরা শু’আরাঃ ২২১-২২৩) নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অহী অবতীর্ণের হাদীছে বলেনঃ

(إِذَا قَضَى اللَّهُ فِي السَّمَاءِ أَمْرًا ضَرَبَتْ الْمَلَائِكَةُ بِأَجْنِحَتِهَا خُضْعَانًا لِقَوْلِهِ كَأَنَّهَا سِلْسِلَةٌ عَلَى صَفْوَانٍ فَإِذَا فُزِّعَ عَنْ قُلُوبِهِمْ قَالُوا مَاذَا قَالَ رَبُّكُمْ قَالُوا الْحَقَّ وَهُوَ الْعَلِيُّ الْكَبِيرُ قَالَ فَيَسْمَعُهَا مُسْتَرِقُ السَّمْعِ هَكَذَا بَعْضُهُ فَوْقَ بَعْضٍ فَيَسْمَعُ الْكَلِمَةَ فَيُلْقِيهَا إِلَى مَنْ تَحْتَهُ ثُمَّ يُلْقِيهَا الْآخَرُ إِلَى مَنْ تَحْتَهُ حَتَّى يُلْقِيَهَا عَلَى لِسَانِ السَّاحِرِ أَوْ الْكَاهِنِ فَرُبَّمَا أَدْرَكَ الشِّهَابُ قَبْلَ أَنْ يُلْقِيَهَا وَرُبَّمَا أَلْقَاهَا قَبْلَ أَنْ يُدْرِكَهُ فَيَكْذِبُ مَعَهَا مِائَةَ كَذْبَةٍ)

‘‘যখন আল্লাহ্ তাআলা আকাশে কোন বিষয়ে ফয়সালা করেন এবং অহীর মাধ্যমে কথা বলেন তখন ফেরেশতাগণ আল্লাহর কথার প্রতি অনুগত হয়ে পাখা ঝাপটাতে থাকেন। এতে শক্ত পাথরের উপর লোহার শিকল পতিত হওয়ার শব্দের ন্যায় শব্দ হতে থাকে, ‘‘পরে যখন তাদের অন্তর হতে ভয় দূর হয় তখন তারা পরস্পরের মধ্যে জিজ্ঞাসাবাদ করেঃ তোমাদের প্রতিপালক কি বললেন? উত্তরে তারা বলেনঃ যা সত্য তিনি তাই বলেছেন। তিনি সর্বোচ্চ ও মহান’’ (সূরা সাবাঃ ২৩) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ শয়তানেরা ফেরেশতাদের কথোপকথন চুরি করে শুনে নেয়। এই চোরেরা একজন অপরজনের ঘাড়ে বসে আকাশ পর্যন্ত পৌঁছে যায়। উপরের শয়তান তার নিকটের শয়তানের কাছে সংবাদ পৌঁছিয়ে দেয়। অতঃপর সে তার কাছের শয়তানের নিকট পৌঁছায়। এভাবে সর্বনিম্নস্থ শয়তানের নিকট খবরটি আসলে সে যাদুকর বা গণকের নিকট পৌঁছিয়ে দেয়। কখনও এরকম হয় যে, কথাটি দুনিয়ার যাদুকর বা গণকের কাছে আসার পূর্বেই আকাশের কথা বহনকারী শয়তানের শরীরে জ্বলন্ত উল্কা পিন্ড নিক্ষেপ করা হয়। আবার কখনও উল্কার আক্রমণের পূর্বেই সে কথাটি গণকের কাছে পৌঁছিয়ে দিতে সক্ষম হয়। ফলে গণকরা তার সাথে আরো একশটি মিথ্যা কথা সংযোগ করে’’।[1] এমনিভাবে

যমীনে কাঠি দিয়ে রেখা টেনে কোন জিনিষের তথ্য অনুসন্ধান করা বা ভবিষ্যৎবাণী করা এবং রাস্তায় যাদুমন্ত্রের পাথর নিক্ষেপ করাও গণকের কাজের অন্তর্ভূক্ত।

## ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুত্ তাফসীর।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11995

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন